গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
অভ্যন্তরীণ নিরীক্ষা শাখা
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৮৭.১৭.০০১.২৩-১৭৫(ক) তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ / ১২ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক প্রেরিত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনে উত্থাপিত আপত্তির বিষয়ে 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন প্রতিবেদন পর্যালোচনা ও বাস্তবায়ন কমিটি'র সিদ্ধান্ত বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি নির্দেশিকা ১৯৮৪' 'এমপিও নীতিমালা ও জনবল কাঠামো', 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের আর্থিক স্বচ্ছতা ও জবাবদিহি সংক্রান্ত নীতিমালা ২০২৩' এবং সরকারি আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণপূর্বক বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রশাসনিক, আর্থিক ও একাডেমিক কার্যক্রম পরিচালনা করার লক্ষ্যে পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর পর্যায়ক্রমে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও নিরীক্ষা কার্যক্রম পরিচালনা করে। পরিদর্শনকৃত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীর বিরুদ্ধে উত্থাপিত আপত্তির বিষয়ে প্রতিষ্ঠান প্রধানের ব্রডশীট জবাব, জেলা শিক্ষা অফিসার ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মন্তব্য সমন্বয়ে এ বিভাগে প্রেরণ করা হয়। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে প্রাপ্ত ব্রডশীট জবাব 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও বাস্তবায়ন কমিটি'তে শুনানীর মাধ্যমে নিষ্পত্তি করা হয়। কমিটিতে শুনানীর আলোকে গৃহীত সিদ্ধান্ত অনেক ক্ষেত্রে যথাযথভাবে বাস্তবায়িত হয় না। নিরীক্ষা প্রতিবেদনে আপত্তিকৃত ফেরতযোগ্য অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান ব্যতিরেকে সংশ্লিষ্ট শিক্ষক/কর্মচারীগণ অবসর গ্রহণপূর্বক কল্যাণ ট্রাস্ট ও অবসর সুবিধা বোর্ডের সুযোগ-সুবিধা গ্রহণ করছেন। ফলে পরিদর্শন ও নিরীক্ষা কার্যক্রমের উদ্দেশ্য সফল হচ্ছে না। কমিটির শুনানীর প্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্তের আলোকে সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারীর অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পন্ন না হওয়া পর্যন্ত তাদের অবসর সুবিধা বোর্ড এবং কল্যাণ ট্রাস্ট-এর সুযোগ সুবিধা স্থগিত রাখা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও বাস্তবায়ন কমিটি'র শুনানীর পরিপ্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্তের আলোকে সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারীর অডিট আপত্তি নিষ্পত্তি না হওয়া পর্যন্ত অবসর উত্তর সুযোগ সুবিধা স্থগিত রাখা এবং এ বিভাগ কর্তৃক অডিট আপত্তি নিষ্পত্তির অব্যাহতি প্রাপ্তি সাপেক্ষে অবসর সুবিধা এবং কল্যাণ ট্রাস্টের সুবিধা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১২/০৬/২৪
(মো. সেলিম শিকদার)
সহকারী সচিব
ফোন ০২-৫৫১০১৪০৮

বিতরণ:
১। সচিব, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড
১,জহির রায়হান রোড (নীলক্ষেত-পলাশী), ব্যানবেইস ভবন, ঢাকা
২। সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী কল্যাণ ট্রাস্ট,
১,জহির রায়হান রোড (নীলক্ষেত-পলাশী), ব্যানবেইস ভবন, ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (কলেজ/মাধ্যমিক-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
৩। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। জেলা শিক্ষা অফিসার (সকল)................................................
৬। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৭। যুগ্ম সচিব (নিরীক্ষা ও আইন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৮। অফিস কপি।